



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৯.২২.০৩৭.২০১৭- ৮৫২

তারিখঃ ০৮ মে, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার),
বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ সার ব্যবস্থাপনা উইংয়ের আওতাধীন মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলায় অবস্থিত ক্যাম্পাসটি নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) গাজীপুর রিজিয়ন এর নিকট হস্তান্তরকরণের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) দপ্তরের স্মারক নং-১৩৩২ তারিখঃ ২৩/০৪/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার ব্যবস্থাপনা উইংয়ের আওতাধীন মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলায় অবস্থিত নিজস্ব ক্যাম্পাসটি ক্ষুদ্রসেচ বিভাগের মাধ্যমে ইউনিট অফিস হিসাবে ব্যবহৃত হচ্ছে। উক্ত জমিতে সার ব্যবস্থাপনা বিভাগের একটি গুদাম, একটি একতলা আবাসিক ভবন ও একটি দারোয়ান শেড রয়েছে। অন্যদিকে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে উল্লিখিত স্থাপনাসহ ০.৩৩ একর ভূমি ক্ষুদ্রসেচ বিভাগের নিকট হস্তান্তরের জন্য প্রস্তাব পাওয়া যায়। উল্লেখ্য যে, সিংগাইর উপজেলা কমপ্লেক্সে ক্ষুদ্রসেচ বিভাগের আওতায় একটি অফিস রয়েছে কিন্তু অফিসটি ব্যবহার অনুপযোগী ও মেরামত অযোগ্য। বিধায় সার ব্যবস্থাপনা বিভাগের ক্যাম্পাসটি ক্ষুদ্রসেচ বিভাগের মাধ্যমে ব্যবহৃত হয়ে আসছে।

০২. ক্ষুদ্রসেচ বিভাগের প্রস্তাব মোতাবেক সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলায় অবস্থিত স্থাপনা ও ভূমি (০.৩৩ একর) ক্ষুদ্রসেচ বিভাগের অনুকূলে সম্পূর্ণরূপে হস্তান্তর করা যাবে কিনা সে বিষয়ে আপনার মতামত প্রয়োজন।

০৩. এমতাবস্থায়, উক্ত স্থান পরিদর্শনপূর্বক এ বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(আসুতোষ আহিউ)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২. অফিস কপি।